# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, ডিপ্লোমা শাখা
৮/সি, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.২৩.২৫৯ তারিখ ঃ ১১-১০-২০২৩ খ্রি.

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-মেডিকেল টেকনোলজি শিক্ষাক্রমের ২০১৩ প্রবিধানভূক্ত পরীক্ষার্থীদের ৫ম ও ৭ম পর্ব নিয়মিত ৪র্থ ও ৬ষ্ঠ পর্ব অকৃতকার্য বিষয়, ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০২২ বোর্ড নির্ধারিত কেন্দ্রসমূহে **আগামী ১৩ নভেম্বর ২০২৩ খ্রিঃ রোজ সোমবার** হতে অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচি ও কেন্দ্র তালিকা যথাসময়ে জানানো হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে জানা যাবে এবং কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটেও (www.bteb.gov.bd) দেখা যাবে।

**স্বাঃ/-**
(মো: কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক

ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান-২০১৩ এবং বাকাশিবো/ক(স্বাঃপ্রঃ)/২০১৫/১১৮/১, তারিখঃ ২৯-১১-২০১৫ স্মারক মূলে এর সংশোধনী মোতাবেক উক্ত কোর্সের আচরণভিত্তিক সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের মান বন্টন অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে।

### ১। পরীক্ষার ফরম পূরণের নিয়মাবলী:

১.১ সকল পর্বের ফরম পূরণ Online এ সম্পন্ন করতে হবে।

১.২ নির্ধারিত অনুচ্ছেদ ৩.৯ এ বর্ণিত তারিখ অনুযায়ী অত্র বোর্ডের Website (www.bteb.gov.bd) এর মাধ্যমে Online এ ফরমপূরণের কাজ সম্পাদন করতে হবে। ফরম পূরণের Online প্রিন্ট-আউট কপি এবং ডিডি জমা দেয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্নাঙ্গ তালিকা অনুচ্ছেদ ৩.৮ -এ বর্ণিত ছক অনুযায়ী প্রদান করতে হবে। Online হতে সংগ্রহকৃত চূড়ান্ত প্রিন্ট-আউট (Final List) নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের ফরম ফিলাপ ও প্রবেশপত্র সংক্রান্ত যে কোন সমস্যায় প্রিন্ট-আউট কপির ফটোকপিসহ ফি প্রদানের প্রমাণকসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে। (উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ফরমফিলাপ করবেনা তাদের নাম চূড়ান্ত প্রিন্ট আউট তালিকায় (Final List) থাকবে না। অর্থাৎ চূড়ান্ত প্রিন্ট আউট তালিকায় (Final List) যে সকল শিক্ষার্থীর নাম অন্তর্ভূক্ত থাকবে এবং পরীক্ষার নির্ধারিত ফি পরিশোধ করবে সে সকল শিক্ষার্থীরাই ফরম ফিলাপ করেছে বলে গণ্য হবে)।

১.৩ কোন শিক্ষার্থীর সংযোগ প্রয়োজন শিক্ষার্থী প্রতি ৩০০/-টাকা সংযোগ ফি এর DD প্রদান করে পৃথক তালিকা করে বোর্ডে জমা দিতে হবে।

### ২। ফি সমূহের হার:

### ৪ । ফি সমূহের হার ঃ

**(ক) ৫ম পর্ব নিয়মিত ঃ** যাদের ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয় নাই **(২০১৩ প্রবিধানভুক্ত পরীক্ষার্থীদের) ঃ**

| | | |
|---|---|---|
| ০১ | পরীক্ষার ফি | ৪০০.০০ |
| ০২ | কেন্দ্র ফি | ৪৫০.০০ |
| ০৩ | ব্যবহারিক পরীক্ষার ফি | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০ |
| ০৪ | নম্বরপত্র ফি | ৭৫.০০ |

**(খ) ৫ম পর্ব নিয়মিত ঃ যাদের ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয় আছে (২০১৩ প্রবিধানভুক্ত পরীক্ষার্থীদের)ঃ**

| | | |
|---|---|---|
| ০১ | পরীক্ষার ফি ঃ | ৪০০.০০ |
| ০২ | পরীক্ষার ফি ঃ ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য (যদি থাকে) | প্রতি বিষয় × ১০০.০০ |
| ০৩ | কেন্দ্র ফি ঃ | ৫ম পর্বের জন্য – ৪৫০.০০<br>৪র্থ পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য কেন্দ্রে ফি - ২০০.০০ |
| ০৪ | নম্বরপত্র ফি | প্রতি পর্ব × ৭৫.০০ |
| ০৫ | ব্যবহারিক পরীক্ষার ফি | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০ |

**(গ) ৫ম পর্ব ২০১৩ প্রবিধান ঃ (বিগত ৫ম পর্বের তিন এর অধিক বিষয়ে অকৃতকার্য প্রত্যেক অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য)**

| | | |
|---|---|---|
| ০১ | পরীক্ষার ফি ঃ | ৪০০.০০ |
| ০২ | পরীক্ষার ফি ঃ ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য (যদি থাকে) | প্রতি বিষয় × ১০০.০০ |
| ০৩ | কেন্দ্র ফি ঃ | ৫ম পর্বের জন্য – ৪৫০.০০<br>৪র্থ পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য কেন্দ্রে ফি - ২০০.০০ |
| ০৪ | নম্বরপত্র ফি | প্রতি পর্ব × ৭৫.০০ |
| ০৫ | ব্যবহারিক পরীক্ষার ফি | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০ |

**(ঘ) ৭ম পর্ব নিয়মিত পরীক্ষার্থী (২০১৩ প্রবিধানভূক্ত যাদের ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বে অকৃতকার্য বিষয় নাই) ঃ**

| | | |
|---|---|---|
| ০১ | পরীক্ষার ফি | ৪০০.০০ |
| ০২ | কেন্দ্র ফি | ৪৫০.০০ |
| ০৩ | নম্বরপত্র ফি | ৭৫.০০ |
| ০৪ | মাঠ প্রশিক্ষণ ফি (ফিল্ড ট্রেনিং) | ৫০০.০০ |

(ঙ) **৭ম পর্ব নিয়মিত পরীক্ষার্থী (২০১৩ প্রবিধানভূক্ত যাদের ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বের অকৃতকার্য বিষয় আছে) ঃ**

| | | |
|---|---|---|
| ০১ | পরীক্ষার ফি | ৪০০.০০ |
| ০২ | পরীক্ষার ফি ঃ ২য়, ৪র্থ ও ৬ষ্ঠপর্বের অকৃতকার্য বিষয়ের জন্য | প্রতি বিষয় × ১০০.০০ |
| ০৩ | কেন্দ্র ফি | ৭ম পর্বের জন্য – ৪৫০.০০<br>২য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য– প্রতি পর্ব × ২০০.০০ |
| ০৪ | নম্বরপত্র ফি | প্রতি পর্ব × ৭৫.০০ |
| | ব্যবহারিক পরীক্ষা ফি (যদি থাকে) ২য়, ৪র্থ ও ৬ষ্ঠপর্বের অকৃতকার্য বিষয়ের জন্য | প্রতি বিষয় × ২৫.০০ |
| ০৫ | মাঠ প্রশিক্ষণ ফি (ফিল্ড ট্রেনিং) | ৫০০.০০ |

**(চ) ৮ম পর্ব অনিয়মিত (২০১৩ প্রবিধান) পরীক্ষার্থীদের জন্য ঃ**

| | | |
|---|---|---|
| ১ | পরীক্ষার ফি | ২য় (প্রযোজ্য ক্ষেত্রে), ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্বের অকৃতকার্য বিষয় × ১০০.০০<br>সর্বনিম্ন - ৪০০.০০ |
| ২ | কেন্দ্র ফি | ২য় পর্ব (প্রযোজ্য ক্ষেত্রে) ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য- প্রতি পর্ব × ২০০.০০<br>সর্বনিম্ন - ৪৫০.০০ |
| ৩ | নম্বর পত্র ফি | প্রতি পর্ব × ৭৫.০০ |
| ৪ | ব্যবহারিক পরীক্ষার ফি (যদি থাকে) | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০ |
| ৫ | মাঠ প্রশিক্ষণ ফি (ফিল্ড ট্রেনিং) | ৫০০.০০ |

* কোনভাবেই বোর্ড নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি আদায় করা যাবে না। অতিরিক্ত ফি আদায় করলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৩। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রিফরম ও ফি প্রেরণের নিয়মাবলী:**

৩.১ পরীক্ষার্থীদের ফরম ফিলাপ এবং ফি-সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৩.২ অসম্পূর্ণ অথবা ভুল তথ্যবিশিষ্ট ফরম সরাসরি বাতিল করা হবে এবং এ জন্য বোর্ড দায়ী থাকবে না।

৩.৩ প্রতি পরীক্ষার্থী হতে আদায়কৃত ফিল্ড ট্রেনিং ফি ৫০০/- টাকা এর ৩০% = ১৫০/- টাকার মধ্যে ফিল্ড ট্রেনিং প্রতিবেদন বই বাবদ ৪০/- টাকা বাদে ১১০ টাকা এবং পরীক্ষার্থীর নিকট হতে আদায়কৃত বোর্ড প্রাপ্য সকল ফি-সমূহ (কেন্দ্র ফি ও ব্যবহারিক ফি বাদে) একটি মাত্র ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে সোনালী ব্যাংক/ সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে ব্যাংক ড্রাফট করে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা/ সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম

রোকেয়া স্মরনী শাখা হতে উত্তোলনযোগ্য হতে হবে। ব্যাংক ড্রাফট এর সাথে Online-এ পূরণকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List, Total Student List এবং Total Question Count List অবশ্যই জমা দিতে হবে।

৩.৪ ব্যবহারিক পরীক্ষার জন্য আদায়কৃত অর্থ হতে অনাভ্যন্তরীণ ও আভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকগণের সম্মানী প্রতি বিষয় প্রতি পরীক্ষার্থী ১০.০০ টাকা হারে পরিশোধ করতে হবে। অবশিষ্ট অর্থ ব্যবহারিক পরীক্ষার কাঁচামাল ক্রয়ে ব্যবহার করা যেতে পারে।

৩.৫ পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ পরীক্ষা শুরুর পূর্বে কেন্দ্রের প্রাপ্য অংশ কেন্দ্রকে প্রদান করতে হবে। পরীক্ষা সংক্রান্ত সকল স্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানী/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই নিয়মানুযায়ী সম্মানী/পারিশ্রমিকের হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিব বরাবর প্রেরণ করতে হবে।

৩.৬ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বহন করবে। নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নয়।

৩.৭ অত্র অফিসে প্রেরণের পূর্বে প্রতিটি এন্ট্রিফরমের লিপিবদ্ধতা শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথি পত্রের সহিত নির্ভুলভাবে পরীক্ষা করে টেকনোলজি অনুযায়ী শ্রেণী বিন্যাস করে আলাদাভাবে সাজিয়ে তালিকা প্রণয়ন করতে হবে। এর কোন ব্যতিক্রম গ্রহণযোগ্য নয়।

৩.৮ নিম্নবর্ণিত ছক অনুযায়ী টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবে। প্রতি বিষয়ের পরীক্ষার্থীদের সংখ্যা সম্বলিত একটি মুখপত্র সংযোজন করা আবশ্যক।

| ক্রমিক নং | পরীক্ষার্থীদের নাম | রোল নম্বর ও পর্ব | রেজিঃ নম্বর ও সেসন | বিষয়ের কোড | পরীক্ষার ফি | নম্বর পত্র ফি | অকৃতকার্য বিষয়ের ফি | ফিল্ড ট্রেনিং ফি | সনদপত্র ফি | বিলম্ব ফি | মোট টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| | | | | | | | | | | | | |

৩.৯ নিম্ন ছকে বর্ণিত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

| অত্র বোর্ডের Website হতে Online এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ | শিক্ষা প্রতিষ্ঠানে ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফিসহ (৩০০/- টাকা প্রতি পরীক্ষার্থী) ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | সকল ব্যাংক ড্রাফট, প্রিন্টাউট কপি বোর্ডে জমা / গ্রহণের তারিখ | প্রিন্টাউট কপি, নির্ধারিত সময়ের ব্যাংক ড্রাফট ও ফরম ফিলাপ সংক্রান্ত কাগজপত্র ০২-১১-২৩ তারিখের পর বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ০৫-১১-২৩ তারিখ পর্যন্ত জমা দেয়া যাবে। | অনলাইনে (বোর্ডের ওয়েবসাইট হতে) প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট করার তারিখ | পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র বোর্ড হতে গ্রহণের তারিখ | প্রবেশপত্র সংশোধনের জন্য তথ্যসহ আবেদন সংশ্লিষ্ট শাখায় জমা | সংশোধিত প্রবেশপত্র অনলাইনে ডাউনলোড ও প্রিন্ট করার তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২৩-১০-২৩ হতে ২৮-১০-২৩ পর্যন্ত | ২৯-১০-২৩ পর্যন্ত | ৩০-১০-২৩ পর্যন্ত | ৩১-১০-২৩ (ঢাকা বিভাগ বাদে সকল বিভাগ)<br>০২-১১-২৩ (শুধুমাত্র ঢাকা বিভাগ) | | ০৬-১১-২৩ হতে ০৭-১১-২৩ পর্যন্ত | ৩১-১০-২৩ হতে ০৭-১১-২৩ পর্যন্ত | ০৭-১১-২৩ পর্যন্ত | ০৮-১১-২০২৩ |

৩. ১০ : ফরম ফিলাপকৃত শিক্ষার্থীর প্রবেশপত্র প্রিন্ট করা না গেলে তার তালিকা Problem list বাটনে থাকবে। Problem list শিক্ষার্থীর নামের পাশে উল্লেখিত সমস্যাসমূহ যেমন: NEED RE-ADM LETTER উল্লেখ থাকলে পুন:ভর্তির আদেশ, NEED TEX LETTER উল্লেখ থাকলে বদলির আদেশ ইত্যাদি এবং Final List সহ আগামী ০৭-০৯ নভেম্বর, ২০২৩ খ্রি: তারিখের মধ্যে বোর্ডে আবেদন করতে হবে। **উল্লেখ্য, পরীক্ষার সময় পরীক্ষার্থীদের প্রতিষ্ঠান হতে প্রিন্টকৃত প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ড সঙ্গে রাখতে হবে। বোর্ড হতে কোন প্রবেশপত্র বিতরণ করা হবে না।**

৩.১১ পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র : (ক) পরীক্ষার্থীদের ফরম (খ) পরীক্ষার ফি এর ব্যাংক ড্রাফট (গ) টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের ৩.৮ অনুযায়ী তালিকা প্রস্তুত করে একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিষ্টার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৩.১২ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ভবন নং ০১, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ (দৃষ্টি আর্কষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ডিপ্লোমা) বরাবরে প্রেরণ করতে হবে।

**৪। অন্যান্য শর্তাবলী :**

৪.১ পরীক্ষার্থীদের ফরম এবং ফি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না। পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফি সমূহের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও ফরম সমূহ ৩.৮ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণীসহ একটি ফরোয়ার্ডিং এর মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে। ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরম ফিলাপের ফরোয়ার্ডিং প্রেরণ করা বর্জনীয়।

৪.২ নির্ধারিত সময় সীমার মধ্যে ফরম পূরণের তথ্যাবলী অত্র বোর্ডে জমা গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদিগকে যে কোন প্রকারের বিড়ম্বনা হতে পরিত্রানের লক্ষ্যে ফরম ও ব্যাংক ড্রাফট ৩.৯ অনুচ্ছেদে বর্ণিত তারিখে মোতাবেক প্রেরণ করতে হবে।

৪.৩ প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক ফরম পূরণের সময় অত্র বিজ্ঞপ্তি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদিগকে অবহিত করতে হবে।

৪.৪ শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সকল পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে।

৪.৫ ২০১৩ প্রবিধানের কোর্স স্ট্রাকচার মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ের TC, PC, PF মোট নম্বর ও পাশ নম্বর নিশ্চিত হয়ে যথা সময়ে যথাযথভাবে নম্বর অনলাইনে এন্ট্রি করতে হবে।


৪.৬ প্রবেশপত্র ও উত্তরপত্রের পিছনের পৃষ্ঠায় দেয়া নির্দেশনা পরীক্ষার্থীদের অবগত করতে হবে। সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.৭ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কোন কর্মকর্তা যেমন প্রধান পরিদর্শী, কক্ষ পরিদর্শী, শিক্ষার্থী কোনক্রমেই মোবাইল ফোন সংঙ্গে রাখতে পারবে না।

## অনলাইনে প্রবেশপত্র প্রতিষ্ঠান কর্তৃক Download ও প্রিন্ট করা সংক্রান্ত

A4 (8.27"×11.69") size, ৮০ গ্রাম কাগজে **Print** করে প্রবেশপত্রের নির্ধারিত স্থানে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সীল স্বাক্ষর সম্পন্ন করতঃ পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে। Download সংক্রান্ত সমস্যা হলে সহযোগীতা পেতে প্রকৌশলী এ কে এম শামসুজ্জামান, সিস্টেম এনালিস্ট (০১৭১১৩৬৬৯২৪) সাথে যোগাযোগ করতে হবে। **উল্লেখ্য, প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি পরিশোধ না থাকলে প্রবেশপত্র Download করা যাবে না।**

প্রতিষ্ঠান কর্তৃক প্রবেশপত্র Download এবং Print করার প্রক্রিয়া (ধাপসমূহ) নিম্নে দেয়া হলোঃ



স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.২৩.২৫৯(১৩) তারিখ ঃ ১১-১০-২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. সিনিয়র সচিব, কারিগরি মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. সভাপতি, স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অধ্যক্ষ/পরিচালক ..........................................................................................................।
৫. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. সিস্টেম এনালিষ্ট, বাকাশিবো (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ ও নির্ধারিত তারিখে অনলাইনে কার্যক্রম সম্পন্ন করার অনুরোধসহ)।
৯. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/শর্টকোর্স/টেক্সটাইল/বিতরন, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. নথি।

**১১-১০-২০২৩**
**(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩১